



## জিলহজ্জের চাঁদ দেখা গেছে, দেশে ঈদ ২৮ মে



ছবি: সংগৃহীত

দেশের আকাশে পবিত্র জিলহজ্জ মাসের চাঁদ দেখা গেছে। এর ফলে আগামী ২৮ মে দেশে উদযাপিত হবে মুসলমানদের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব পবিত্র ঈদুল আজহা।

সোমবার (১৮ মে) সন্ধ্যায় জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত জানানো হয়। ইসলামিক ফাউন্ডেশনের বায়তুল মোকাররম সভাকক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন কায়কোবাদ।

সভায় দেশের বিভিন্ন জেলা থেকে জিলহজ্জ মাসের চাঁদ দেখার তথ্য পাওয়ার বিষয়টি নিশ্চিত করা হয়। এর মধ্য দিয়ে ১৯ মে থেকে পবিত্র জিলহজ্জ মাসের গণনা শুরু হচ্ছে। অন্যদিকে, সৌদি আরবেও জিলহজ্জের চাঁদ দেখা গেছে। দেশটিতে আগামী ২৬ মে আরাফাত দিবস পালিত হবে এবং ২৭ মে উদযাপিত হবে ঈদুল আজহা।

LENS ASIA